# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (b) সম্প্রতি ভারত রাষ্ট্রসংঘের শান্তিরক্ষীদের বিরুদ্ধে অপরাধের জন্য জবাবদিহিতা প্রচার করতে 'Group of Friends' চালু করেছে। এই 'Group of Friends' এর কো-চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছে ভারত, বাংলাদেশ, ইজিপ্ট, ফ্রান্স, মরক্কো এবং নেপাল। অ্যাচিভার্স

2. (c) সম্প্রতি IDFC First Bank গ্রাহকদের জন্য 'Zero-fee Banking for Savings Accounts' পরিষেবা চালু করেছে।

3. (a) সম্প্রতি Indian Bank গ্রাহকদের জন্য 'IND SHAKTI 555 DAYS' নামক স্পেশ্যাল ফিক্সড ডিপোজিট স্কিম পরিষেবা চালু করেছে।

4. (b) সম্প্রতি মনোজ গোভিল সেবি'র পরিচালন বোর্ডের সদস্য হিসাবে মনোনীত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজেশ ভার্মা'র স্থলাভিষিক্ত হলেন।

5. (c) ১৮ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল মাইগ্র্যান্টস ডে' পালিত হল। অ্যাচিভার্স

6. (b) সম্প্রতি মধ্যপ্রদেশে ভারতের প্রথম তথা বিশ্বের দ্বিতীয় 'ইনফ্যান্টরি রিসার্চ সেন্টার অ্যান্ড মিউজিয়াম' গড়ে উঠল। বিজয় দিবসের স্মারক হিসাবে এই স্কুল জড়ে তোলা হয়েছে।

7. (b) কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রক 'বাজাজ অ্যালায়েন্স জেনারেল ইন্সিয়োরেন্স' নামক বিমা সংস্থার সহযোগিতায় পরিকাঠামো প্রোজেক্ট বাস্তবায়নে Surety Bond Insurance Product চালু করেছে।

8. (c) সম্প্রতি এইচডিএফসি আর্গো জেনারেল ইন্সিয়োরেন্স নামক বিমা সংস্থা 'Paytm Payment Protect' নামক বিমা পরিষেবা প্রদানের জন্য One97 Communications Limited এর সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

9. (a) সম্প্রতি দীনেশ কুমার শুক্লা অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ডের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জি নাগেশ্বর রাওয়ে'র স্থলাভিষিক্ত হলেন।

10. (a) সম্প্রতি ভারতের এম চিন্নাস্বামী স্টেডিয়ামে আয়োজিত ২০২৩ সালের দৃষ্টিহীনদের টি-২০ ওয়ার্ল্ড কাপ ক্রিকেট প্রতিযোগিতায় বাংলাদেশকে পরাজিত করে ভারত চ্যাম্পিয়ন হল। অ্যাচিভার্স

11. (b) ২০ ডিসেম্বর সারা বিশ্ব জুড়ে 'ইন্টারন্যাশনাল হিউম্যান সলিডারিটি ডে' পালিত হল। ২০০৬ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

12. (d) ডিসেম্বর, ২০২২-এ গুজরাটের ভাদনগর এবং গুজরাটের সান টেম্পল নামক সাংস্কৃতিক ঐতিহ্যবাহী স্থান দুটিকে ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের প্রভিশনাল লিস্টে অন্তর্ভুক্ত করা হয়েছে। অ্যাচিভার্স

13. (a) সম্প্রতি আরবিএল ব্যাঙ্ক, আইবিএস ইন্টেলিজেন্স গ্লোবাল ফিনটেক ইনোভেশন অ্যাওয়ার্ডসে ভূষিত হয়েছে।

14. (d) ব্রিটেনের এম্পায়ার ম্যাগাজিন কর্তৃক প্রকাশিত বিশ্বের ৫০ জন মহান অভিনেতা/অভিনেত্রীর তালিকায় একমাত্র ভারতীয় অভিনেতা শাহরুখ খান স্থান পেয়েছেন।

15. (d) মাজগাঁও ডক শিপবিল্ডার্স লিমিটেড সম্প্রতি ভারতীয় নৌবাহিনীকে যে স্করপিন ক্লাস কনভেনশনাল সাবমেরিন সরবরাহ করেছে তার নাম হল-Vagir.

16. (c) সম্প্রতি ইন্সিয়োরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়া (IRDAI) দেশের প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে 'Bima Vahaks' নামক পরিষেবা চালু করতে চলেছে।

17. (a) সম্প্রতি কর্ণাটক ব্যাঙ্ক অনলাইনে বহিঃশুল্ক পেমেন্ট করার জন্য ইন্ডিয়ান কাস্টমস ইলেকট্রনিক গেটওয়ে প্লাটফর্ম ব্যবহার শুরু করেছে। অ্যাচিভার্স

18. (d) Worldline e-payments India নামক ডিজিটাল পেমেন্ট কোম্পানি Payment Aggregator হিসাবে কাজ করতে সম্প্রতি আরবিআই-এর অনুমতি লাভ করেছে।

19. (d) সম্প্রতি সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি হেমন্ত গুপ্ত ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টারের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন।

20. (a) রিলায়েন্স রিটেল ভেঞ্চার্স লিমিটেড ২৮৫০ কোটি টাকার বিনিময়ে মেট্রো ক্যাশ অ্যান্ড ক্যারি ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের ১০০ শতাংশ শেয়ার অধিগ্রহণ করল।

21. (b) নাসার Sentinal-6B মিশনের লঞ্চ সার্ভিসের জন্য SpaceX নামক সংস্থা নির্বাচিত হয়েছে।

22. (c) ২২ ডিসেম্বর বিশিষ্ট গণিতজ্ঞ এস রামানুজনের জন্মবার্ষিকী উপলক্ষ্যে সারা দেশজুড়ে 'ন্যাশনাল ম্যাথমেটিক্স ডে' পালিত হল। অ্যাচিভার্স

23. (b) অ্যাপোলো হসপিটালস ফাইভ-জি নির্ভর আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স গাইডেড কোলোনস্কপি চালু করতে ভারতী এয়ারটেল টেলিকম সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

24. (a) ইউআইডিএআই সংস্থাটি ২০২২ সালের গৃহ এক্সামপ্লারি পারফরমেন্স অ্যাওয়ার্ডে ভূষিত হল।

25. (a) সম্প্রতি স্যামসের সিং এসবিআই ফান্ডস ম্যানেজমেন্ট লিমিটেডের সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বিনয় এম টোনসে'র স্থলাভিষিক্ত হলেন।

26. (c) রিলায়্যান্স স্ট্র্যাটেজিক বিজনেস ভেঞ্চার্স লিমিটেড সম্প্রতি Exyn Technologies Inc-এর ২৩.৩% শতাংশ শেয়ার ২৫ মিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে অধিগ্রহণ করল।

27. (b) ২০২২ সালের আইডব্লিউএফ ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে মহিলাদের ৪৯ কেজি বিভাগে বিশিষ্ট ভারতীয় মহিলা বক্সার সাইখম মীরবাঈ চানু রৌপ্য মেডেল জয়লাভ করেছেন।

28. (a) ২৩ ডিসেম্বর সারা দেশজুড়ে 'ন্যাশনাল ফার্মার্স ডে' পালিত হল। এটি কিষাণ দিবস নামেও পালিত হয়ে থাকে।

29. (d) সম্প্রতি ভারতের বিশিষ্ট বিজ্ঞানী থালাপ্পিল প্রদীপ ২০২২ সালের ভিনফিউচার স্পেশাল প্রাইজে ভূষিত হলেন। তিনি ২০২০ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

30. (c) সম্প্রতি ইউআইডিএআই ডেটা সিকিউরিটি কাউন্সিল অফ ইন্ডিয়া এক্সিলেন্স অ্যাওয়ার্ডে ভূষিত হল।

31. (c) সম্প্রতি মহীশূর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসি কে এস রঙ্গাপ্পা 'ইউনেস্কো'স ফেলোশিপ অফ ওয়ার্ল্ড অ্যাকাডেমি অফ সায়েন্সেস'-তে ভূষিত হয়েছেন।

32. (c) সম্প্রতি পি এন বাসুদেবন ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি পরবর্তী তিন বছর এই পদে নিযুক্ত থাকবেন।

33. (c) ভারতীয় বংশোদ্ভূত বিশিষ্ট মার্কিন কূটনীতিক রিচার্ড ভার্মা জো বাইডেন প্রশাসনের ডেপুটি সেক্রেটারি অফ স্টেট হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে চিফ লিগ্যাল অফিসার ছিলেন।

34. (c) সম্প্রতি প্রয়াত ইংল্যান্ডের কিংবদন্তী ফুটবলারের হলেন জর্জ কোহেন। তিনি ১৯৬৬ সালে ফিফা বিশ্বকাপ জয়ী ইংল্যান্ডের জাতীয় দলের সদস্য ছিলেন।

35. (a) ২৪ ডিসেম্বর সারা দেশজুড়ে 'ন্যাশনাল কনজিউমার ডে' পালিত হল, যেটি ১৯৮৬ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

36. (d) সম্প্রতি ডিআরডিও'র প্রস্তুত করা 'প্রলয়' নামক মিসাইলটি একটি ভূমি থেকে ভূমি প্রকৃতির মিশাইল।

37. (c) সম্প্রতি লাদাখ ও জম্মু-কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চলে নববর্ষ উদযাপন উপলক্ষ্যে লোসার ফেস্টিভ্যাল পালিত হল। এই উৎসব উপলক্ষ্যে নৃত্য ও সংগীতের মাধ্যমে দেব-দেবীদের আরাধনা করা হয়ে থাকে।

38. (a) সম্প্রতি বাজাজ অ্যালায়েন্স জেনারেল ইন্সিয়োরেন্স কোম্পানি নামক বিমা সংস্থা বরিষ্ট নাগরিকদের 'Respect Senior Care Rider' নামক স্কিম চালু করেছে।

39. (b) সম্প্রতি 'BillAvenue' বিল পেমেন্টস পরিষেবার জন্য Infibeam Avenues Limited আরবিআই-এর কাছ থেকে পার্পেচুয়াল লাইসেন্স পেয়েছে।

40. (d) ক্রিকেট অস্ট্রেলিয়া সম্প্রতি কিংবদন্তী ক্রিকেটার শেন ওয়ার্ন-এর নামে 'অস্ট্রেলিয়া'জ মেনস টেস্ট প্লেয়ার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড' রেখেছে।

41. (c) সম্প্রতি Tata Steel India Ltd. নামক ভারতীয় সংস্থাটি ২০২২ সালের ডিসেম্বর মাসে 'গ্রেট প্লেস টু ওয়ার্ক' হিসাবে নির্বাচিত হয়েছে।

42. (b) ২৬ ডিসেম্বর সারা দেশ জুড়ে বীর বাল দিবস পালিত হল।

43. (c) ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন 'Vulnerable Hydro Project and Power Station' এ আর্লি ওয়ার্নিং সিস্টেম চালু করতে শক্তি মন্ত্রকের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

44. (c) পর্যটন ও সংস্কৃতি শিল্পের প্রসারে ২৩-২৬ ডিসেম্বর নিউ দিল্লির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে ১০তম নর্থ-ইস্ট ফেস্টিভ্যাল অনুষ্ঠিত হল।

45. (b) সম্প্রতি অনিল কুমার লাহোটি রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান হিসাবে পূর্ববর্তী পদাধিকারি বিনয় কুমার ত্রিপাঠীর স্থলাভিষিক্ত হলেন।

46. (b) সম্প্রতি সন্তোষ কুমার যাদব ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীনস্থ শিক্ষা বিভাগের সহকারী সচিব ছিলেন।

47. (a) ২৭ ডিসেম্বর সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল ডে অফ এপিডেমিক প্রিপেয়ার্ডনেস পালিত হল। ২০২০ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

48. (c) সম্প্রতি মারুত ড্রোন টেক প্রাইভেট লিমিটেড নামক ড্রোন প্রস্তুতকারক সংস্থা ডিজিসিএর কাছ থেকে 'টাইপ সার্টিফিকেশন' অনুমোদন লাভ করল।

49. (c) ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড সংস্থাটি উত্তরপ্রদেশ ও ছত্তিশগড়ে টিবি নির্মূলীকরণ প্রোজেক্ট বাস্তবায়নে সেন্ট্রাল টিবি ডিভিশনের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

50. (c) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক তামিলনাড়ুর কোয়েম্বাটুর, মাদুরাই এবং থুতুকুড়িতে নগরোন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সম্প্রতি ১২৫ মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদান করেছে।

51. (c) সম্প্রতি রাজস্থান রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগ 'ইফেক্টিভ গভর্নমেন্ট কমিউনিকেশন অ্যাওয়ার্ডে' ভূষিত হয়েছে। এই পুরস্কারটি 'পাবলিক রিলেশনস সোসাইটি অফ ইন্ডিয়া' কর্তৃক প্রদান করা হয়েছে।

52. (d) সম্প্রতি মানষী টাটা, কির্লোসকার সিস্টেমস প্রাইভেট লিমিটেডের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি বিক্রম কির্লোসকারের সুযোগ্য কন্যা।

53. (a) সম্প্রতি রুরকি আইআইটি গর্ভবতী মহিলাদের পরিচর্যা বিষয়ক তথ্য প্রদান ও মনিটারিংয়ের জন্য 'SwasthGarbh Mobile App' চালু করেছে। তারা দিল্লি এইমসের সহায়তায় এই পদক্ষেপ বাস্তবায়িত করেছে।

54. (d) সম্প্রতি কেন্দ্রীয় গৃহ ও নগর বিষয়ক মন্ত্রক নতুন দিল্লিতে 'সিটি ফিনান্স র‍্যাঙ্কিং-২০২২' এবং 'সিটি বিউটি কম্পিটিশন' আয়োজন করল। অ্যাচিভার্স

55. (d) সম্প্রতি নতুন দিল্লিতে আয়োজিত ১০ম গ্লোবাল সেফটি সামিটে ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর সেফটি এক্সিলেন্স-এ পুরস্কৃত হয়েছে 'এসিসি লিমিটেড' সংস্থাটি।

56. (a) সম্প্রতি কুয়েতের আব্দুল্লা আব্দুল সামাদ দস্তি রাষ্ট্রসংঘ কর্তৃক ব্ল্যাক সি গ্রেন ইনিশিয়েটিভের কো-অর্ডিনেটর হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুদানের আমির মহম্মদ আব্দুল্লা'র স্থলাভিষিক্ত হলেন।

57. (c) সম্প্রতি ওড়িশা রাজ্য সরকার কৃষি ক্ষেত্রে মহিলাদের ক্ষমতায়নে আগামী পাঁচ বছরের জন্য ৩৬৭.১৯ কোটি টাকা বরাদ্দ করেছে।

58. (d) সম্প্রতি কেরলের ধর্মধাম নির্বাচনী এলাকা ভারতের প্রথম গ্রন্থাগার পূর্ণ নির্বাচনী এলাকার তকমা লাভ করেছে। এই নির্বাচনী এলাকায় মোট ১৩৮ ওয়ার্ডের সবকটিতেই গ্রন্থাগার প্রতিস্থাপিত হয়েছে।

59. (d) বেঞ্জামিন নেতানেয়াহু ইজরায়েলের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন। তিনি এর পূর্বে ষষ্ঠবার প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি ১৯৯৬ সালের ১৮ জুন প্রধানমন্ত্রী হিসাবে প্রথমবার দায়িত্বভার গ্রহণ করেছিলেন। অ্যাচিভার্স

60. (c) সম্প্রতি গজনি কমলা বর্ধন রাও, ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়ার সিইও হিসাবে নিযুক্ত হলেন। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি আইটিডিসি'র সিএমডি হিসাবে কর্মরত ছিলেন।

61. (a) সম্প্রতি গোয়ায় জুয়ারি ব্রিজের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন কেন্দ্রীয় জাতীয় সড়ক ও পরিবহন মন্ত্রী নীতিন গড়করি। ১৩.২০ কিমি বিস্তৃত এই ব্রিজটি বাম্বোলিন এবং ভার্মা'র মধ্যে সংযোগ সাধন করেছে।

62. (b) সম্প্রতি প্রিন্ট অ্যান্ড ডিজিটাল মিডিয়া অ্যাসোসিয়েশনের প্রধান হিসাবে নিযুক্ত হলেন হাইকোর্টের প্রাক্তন বিচারপতি মূল চাঁদ গর্গ।

63. (c) সম্প্রতি পাঞ্জাব অ্যান্ড সিন্দ ব্যাঙ্ক, এসবিআই কার্ডের সহযোগিতায় কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করেছে। এই চুক্তির মাধ্যমে সংস্থা দুটি তিন ধরনের ক্রেডিট কার্ড ইস্যু করার সিদ্ধান্ত নিয়েছে।

64. (c) সম্প্রতি এস কে খাতানহার আইডিবিআই ব্যাঙ্কের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন।

**এক নজরে আইডিবিআই ব্যাঙ্ক:** অ্যাচিভার্স

প্রতিষ্ঠকাল- ১৯৬৫ সাল

সদর কার্যালয় - মুম্বাই

বর্তমান এমডিএবং সিইও -রাকেশ শর্মা

65. (a) সম্প্রতি লেঃ জেঃ অরবিন্দ ওয়ালিয়া ভারতীয় সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার ইন-চিফ হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী লেঃ জেঃ হরপাল সিংয়ের স্থলাভিষিক্ত হলেন।

66. (b) সম্প্রতি প্রয়াত জাপানি স্থপতিকার আরাতা ইসোজাকি ২০১৯ সালে প্রিৎজকার আর্কিটেকচার প্রাইজে ভূষিত হয়েছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, প্রিৎজকার আর্কিটেকচার প্রাইজ হল স্থাপত্য ক্ষেত্রে প্রদত্ত শ্রেষ্ঠ পুরস্কার। অ্যাচিভার্স

67. (c) লুইস ইনাসিও লুলা ডা সিলভা সম্প্রতি ব্রাজিলের ৩৯তম রাষ্ট্রপতি হিসাবে নিযুক্ত হলেন। এদিন ওই দেশের উপরাষ্ট্রপতি হিসাবে নিযুক্ত হয়েছেন গেরাল্ডো আলাকমিন।

68. (a) সম্প্রতি ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন অজয় কুমার শ্রীবাস্তব। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ঐ সংস্থার এগজিকিউটিভ ডিরেক্টর ছিলেন।

69. (b) ভারতের কিংবদন্তী মহিলা দাবাড়ু কোনেরু হাম্পি ফাইড ওয়ার্ল্ড র‍্যাপিড অ্যান্ড ব্লিটজ চ্যাম্পিয়নশিপে রৌপ্য মেডেল জয়লাভ করেছেন।

70. (a) সম্প্রতি প্রয়াত টাটা সন্সের প্রাক্তন ডিরেক্টর আর কে কৃষ্ণকুমার ২০০৯ সালে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত হয়েছেন।

71. (d) সম্প্রতি প্রকাশিত 'Breaking Barriers : The Story of a Dalit Chief Secretary' নামক গ্রন্থের রচয়িতা হলেন কে মাধব রাও। অ্যাচিভার্স

72. (b) লাদাখের সংস্কৃতি, ভাষা ও কর্মসংস্থান সংক্রান্ত বিষয়ে পর্যালোচনার উদ্দেশ্যে নিত্যানন্দ রাই-এর নেতৃত্বে হাইপাওয়ার্ড কমিটি গঠিত হয়েছে। এই কমিটির মোট সদস্য সংখ্যা হল ১৭।

73. (c) সম্প্রতি ফিনটেক স্টার্টআপ কোম্পানি ভারতপে'র সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন নলীন নেগি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুহেল সমীরে'র স্থলাভিষিক্ত হলেন।

74. (c) ২০২৪ সাল নাগাদ ইসরো মহাকাশে যে আত্মনির্ভর হিউম্যান স্পেস ফ্লাইট পাঠাতে চলেছে তার নাম হল Gaganyaan.

75. (b) 'Ambedkar : A Life' নামক গ্রন্থটির রচয়িতা হলেন বিশিষ্ট রাজনীতিবিদ ও সাহিত্যিক শশী থারুর। গ্রন্থটি বাবাসাহেব ভীমরাও রামজি অম্বেদকারের জীবনী নিয়ে রচিত হয়েছে।

76. (a) দৃষ্টিহীন প্রতিবন্ধীদের ব্রেইল সিস্টেমের গুরুত্ব বোঝাতে ৪ জানুয়ারি সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ব্রেইল ডে' উদযাপিত হল।

77. (b) সম্প্রতি কেরলের তিরুবনন্তপুরমে বিশ্বের প্রথম পাম লিভ ম্যানুস্ক্রিপ্ট মিউজিয়াম গড়ে উঠল। অ্যাচিভার্স

78. (b) সম্প্রতি অসম সরকার প্রদত্ত 'অসম বৈভব' অ্যাওয়ার্ডে ভূষিত হলেন বিশিষ্ট চিকিৎসক তপন সাইকিয়া। ক্যান্সার রোগ চিকিৎসায় তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

79. (c) সম্প্রতি অস্ট্রেলিয়ার কিংবদবন্তী মহিলা ক্রিকেটার বেলিন্দা ক্লার্কের ব্রোঞ্জমূর্তি সিডনি ক্রিকেট গ্রাউন্ডে স্থাপন করা হয়েছে।

80. (d) সম্প্রতি এনএলসি ইন্ডিয়া লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন প্রসন্ন কুমার মোটাপাল্লি। তিনি ২০২৬ সালের ৩০ জুন পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন।

81. (c) সম্প্রতি ওড়িশার রৌরকেল্লায় ভারতের বৃহত্তম বিরসা মুন্ডা ইন্টারন্যাশনাল হকি স্টেডিয়াম গড়ে উঠল। এখানে একাসনে কুড়ি হাজার দর্শক খেলা দেখতে পারবেন। অ্যাচিভার্স

82. (a) কেরল সরকার প্রদত্ত প্রথম গৌরী আম্মা অ্যাওয়ার্ডে ভূষিত হলেন কিউবার বিশিষ্ট শিশু অধিকার কর্মী অ্যালিডা গুয়েভারা।

83. (b) ভারতীয় রেল ২০২৩ সালের ডিসেম্বর মাস নাগাদ ভারতের প্রথম হাইড্রোজেন জ্বালানি চালিত ন্যারোগেজ ট্রেন পরিষেবা চালু করতে চলেছে।

84. (a) সম্প্রতি ইকুয়েডর, জাপান, মাল্টা, মোজাম্বিক এবং সুইজারল্যান্ড দেশগুলি রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসাবে নিযুক্ত হয়েছে।

85. (b) সম্প্রতি বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী ও পরিচালক অপর্ণা সেন জয়পুর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। তিনি ১৯৮৭ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

86. (a) সুরিন্দর চাওলা সম্প্রতি পেটিএম পেমেন্টস ব্যাঙ্কের সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে আরবিএল ব্যাঙ্কের ব্রাঞ্চ ব্যাঙ্কিং বিভাগের প্রধান হিসাবে কর্মরত ছিলেন। অ্যাচিভার্স

87. (d) জানুয়ারি, ২০২৩ এ ভারতের প্রথম কেরল রাজ্য সম্পূর্ণ ডিজিটাল ব্যাঙ্কিং পরিষেবা কার্যকরী করেছে।

88. (c) পঞ্চম খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমসের ম্যাসকটের নাম হল Asha & Mowgli. প্রসঙ্গত উল্লেখ্য, পঞ্চম খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস চলতি বছরের ৩০ জানুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হবে।

89. (c) সম্প্রতি প্রয়াত ল্যাপ্রোস্কপিক সার্জেনের জনক ডক্টর টি ই উদ্বাদিয়া ২০১৭ সালে পদ্মভূষণ পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

90. (d) ৯ জানুয়ারি সারা দেশজুড়ে প্রবাসী ভারতীয় দিবস উদযাপিত হল। প্রবাসী ভারতীয় দিবস উপলক্ষ্যে এবছর ৮-১০ জানুয়ারি মধ্যপ্রদেশের ইন্দোরে অনুষ্ঠান উদযাপিত হয়েছিল যার থিম হল- 'Diaspora: Reliable partners for India's progress in Amrit Kaal'.

91. (a) সম্প্রতি মাইকেল দেবব্রত পাত্র আরবিআই-এর ডেপুটি গভর্নর হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি ২০২০ সালের ১৫ জানুয়ারি আরবিআইয়ে'র ডেপুটি গভর্নর হিসাবে প্রথমবার নিযুক্ত হয়েছিলেন। অ্যাচিভার্স

92. (a) ১০ জানুয়ারি সারা বিশ্ব জুড়ে ওয়ার্ল্ড হিন্দি ডে পালিত হল। ২০০৬ সালে প্রথম এই দিবস পালন করা শুরু হয়েছিল।

93. (a) সম্প্রতি এ সি চরনিয়া মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার প্রধান প্রযুক্তিবিদ হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বি লালের স্থলাভিষিক্ত হলেন।

94. (c) ১০ জানুয়ারি প্রয়াত গ্রিসের শেষ রাজার নাম হল দ্বিতীয় কনস্ট্যানটাইন। তিনি ১৯৬৪-১৯৭৪ সাল পর্যন্ত IOC-এর পরিচালন বোর্ডের সদস্য ছিলেন।

95. (a) 'নাটু নাটু...' নামক ভারতীয় চলচ্চিত্র সংগীত ২০২৩ সালে গোল্ডেন গ্লোব পুরস্কার পেয়েছে। এই সংগীতটি RRR-চলচ্চিত্রে ব্যবহার করা হয়েছে।

96. (a) কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রক ১১-১৭ জানুয়ারি সারা দেশজুড়ে 'রোড সেফটি উইক' পালন করল।

97. (b) সম্প্রতি প্রকাশিত হেনলি পাসপোর্ট ইনডেক্স-২০২৩ জাপান প্রথম স্থানে রয়েছে। এই তালিকায় ভারত রয়েছে ৮৫তম স্থানে।

98. (a) কেন্দ্রীয় সরকারের চালু করা খাদ্য নিরাপত্তা স্কিমের নাম হল- প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনা। AAYএবং PHH কার্ড ধারীরা এই যোজনার আওতায় সুবিধা পাবেন।

99. (b) সম্প্রতি প্রকাশিত 'Revolutionaries-The other story of How India Won its freedom' গ্রন্থের রচয়িতা হলেন সঞ্জীব সান্যাল। অ্যাচিভার্স

100. (b) উদ্ভাবনী ৫-জি পরিষেবা চালু হওয়া 'বিদিশা' জেলাটি মধ্যপ্রদেশ রাজ্যে অবস্থিত। বিদিশা জেলা প্রশাসন, সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ টেলিমেটিক্স (C-DOT) এবং ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনেকেশনস (DoT) যৌথভাবে এই পরিষেবা চালু করেছে।

★★★